

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৬৩

১/ বিবিধ

আরবী

لا راحة للمؤمن دون لقاء الله عز وجل  
لا أصل له مرفوعا

وإنما رواه الإمام أحمد في " الزهد " (ص 156) من طريق إبراهيم قال: قال عبد الله فذكره. وهذا إسناد رجاله ثقات كلهم وظاهره الانقطاع بين إبراهيم، وهو النخعي وعبد الله وهو ابن مسعود، لكن قال الحافظ أبو سعيد العلالي في النخعي: " هو مكث من الإرسال، وجماعة من الأئمة صححوا مراسيله، وخص البيهقي ذلك بما أرسله عن ابن مسعود

قلت: وذلك لما رواه الأعمش قال: قلت لإبراهيم: أسند لي عن ابن مسعود. فقال إبراهيم: إذا حدثكم عن رجل عن عبد الله فهو الذي سمعت، وإذا قلت: " قال عبد الله " فهو عن غير واحد عن عبد الله ". ذكره في " التهذيب ". فمثل هذا الإسناد يمكن تحسينه. والله أعلم. وقال السيوطي في " الدرر ": " أورده في " الفردوس عن أبي هريرة مرفوعا ولم يسنده ". ثم رأيت في " حديث أبي الحسن الأحميمي " (2 / 63 / 1) من طريق سفيان الثوري عن العلاء بن المسيب عن أبيه قال: قال عبد الله بن مسعود: ليس للمؤمن راحة دون لقاء الله، فمن كانت راحته في لقاء الله عز وجل فكأن قد ". فهذه طريق أخرى موقوفة على ابن مسعود، فهو عنه صحيح إن شاء الله تعالى

৬৬৩। আল্লাহর সাথে সাক্ষাৎ না করা পর্যন্ত মুমিনের কোন শান্তি নেই।

হাদীছটির মারফ হিসাবে কোন ভিত্তি নেই।

এটি ইমাম আহমাদ "আয-যুহুদ" (পৃঃ ১৫৬) গ্রন্থে ইবরাহীম সূত্রে বর্ণনা করেছেন। এ সনদটির বর্ণনাকারী সবাই নির্ভরযোগ্য। কিন্তু ইবরাহীম আন-নাখ'ঈ আর আব্দুল্লাহ ইবনু মাসউদের মধ্যে বিচ্ছিন্নতা রয়েছে। হাফিয আবু সাঈদ আল-আলাঈ নাখ'ঈর ব্যাপারে বলেনঃ তিনি বহু মুরসালকারী। একদল তার মুরসালকে সহীহ বলেছেন। বাইহাকী খাস করে ইবনু মাসউদ হতে তার মুরসালকে সহীহ বলেছেন। সঠিক হচ্ছে এই যে এ হাদীছটি ইবনু মাসউদ হতে মওকুফ হিসাবে সহীহ সূত্রে বর্ণিত হয়েছে।

আমি (আলবানী) হাদীছটি "হাদীছু আবিল হাসান আল-আখমীমী" (২/৬৩/১) গ্রন্থে সুফিয়ান সাওরী সূত্রে দেখেছি। সনদটি ইবনু মাসউদ (রাঃ) পর্যন্ত সহীহ।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71542>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন